

বাংলা - Bengali

কমিউনিটি ক্রিকেট

পুনরায় খেলাধুলা করা শুরু

২০২০/২১

কোভিড-১৯ সংক্রান্ত শৃঙ্খলাবিধি

হতে কার্যকর হবে ২০২০ ২৩শে নভেম্বর

খেলাধুলা করা যাবে!

কমিউনিটি ক্রিকেট ম্যাচগুলো খেলা যাবে! সকলের সুরক্ষা নিশ্চিত করতে, সব অংশগ্রহণকারীদেরকে অবশ্যই নিম্নলিখিত নির্দেশিকাগুলি অনুসরণ করতে হবে:

আগমনের সময়

- ✓ সবাইকে (দর্শক সহ) আগমনের সময় অবশ্যই চেক-ইন (এবং প্রস্থানের সময় চেক-আউট) করতে হবে
 - যদি কোনো কোভিড-১৯ এর কেস পাওয়া যায় তবে কন্টাক্ট ট্রেসিং এ এটি সহায়ক হবে। ম্যাচের আগে বা পরে যদি আপনার মধ্যে কোভিড-১৯ এর কোনো উপসর্গ দেখা দেয় তবে অন্যদের থেকে দূরে থাকুন, চিকিৎসা সুবিধা গ্রহণ করুন বা তাৎক্ষণিকভাবে বাড়িতে চলে যান। কেবলমাত্র সুস্থ হলে পুনরায় ক্রিকেট খেলতে চলে আসুন।
- ✓ প্রাণ্ডিসাধ্যে রাখা স্যানিটাইজার ব্যবহার করুন
- ✓ সবকিছু নিরাপদ মনে হলে তখন শুধুমাত্র ম্যাচ শুরু করুন আর চালিয়ে যান (কোভিড-১৯ এর সমস্ত অনুশীলনগুলি মেনে এবং সাধারণ ঝাঁকি সুরক্ষা মূল্যায়ন করে)।

স্বাস্থ্যবিধিকে অগ্রাধিকার দিন

- ✓ মাঠে বা মাঠের বাইরে সবসময় অন্যদের থেকে (সর্বদা ১.৫ মিটার) দূরত্ব বজায় রাখুন
 - দর্শক এবং খেলোয়াড়গণও সর্বদা অন্যদের থেকে ১.৫ মিটার বজায় রাখবে।
 - খেলোয়াড়গণ শরীর ঘেঁষাঘেঁষি, হাই ফাইভ (high 5s) থেকে বিরত থাকবে এবং ফিল্ডিং এর সময় আম্পায়ার আর অন্যান্য খেলোয়াড়দের কাছ হতে ন্যূনতম দূরত্ব বজায় রাখবে।
- ✓ ভবনের অভ্যন্তরে বা ইনডোরে মাস্ক পরিধান করুন
 - ১২বছরের কম বয়সীরা ব্যতীত
- ✓ সুযোগ-সুবিধার্থে প্রদত্ত সেবাগুলোর ন্যূনতম ব্যবহার করুন (যেমন - শৌচাগার / ক্যান্টিন এক্সেস)।
- ✓ নগদ অর্থ পকেটে রাখুন (সম্ভব হলে কন্টাক্টলেস পেমেন্ট পদ্ধতি ব্যবহার করুন)।
- ✓ বলকে থুতু বা ঘাম থেকে মুক্ত রাখুন
- ✓ আপনার স্বাস্থ্যবিধির অনুশীলনগুলি চালিয়ে যান
 - খেলোয়াড় এবং আম্পায়াররা প্রতি ২০ ওভার পরপর হাত জীবানুমুক্ত করবে এবং সবাই নিয়মিত হাত ধোয়া নিশ্চিত করবে, বলে থুতু দেওয়া যাবে না, মুখের লাল/ ঘাম ব্যবহার করা যাবে না ইত্যাদি।

শুধুমাত্র...

- ✓ কেবল নিজের সরঞ্জামাদি এবং খাবার / পানীয় স্পর্শ করুন
 - বোলারের ক্যাপ / জাম্পার ইত্যাদি সহ অন্য কারো সরঞ্জাম বা জামাকাপড় - ব্যবহারের অন্তর্বর্তীকালীন সময়ের মধ্যে পরিষ্কার না করা পর্যন্ত স্পর্শ করবেন না। বোলার বাউন্ডারির বাইরে, কিপারের পিছনে বা বোলারের দিকের আম্পায়ারের পিছনে নিজের জাম্পার / ক্যাপ রাখবেন।
 - একত্রে মিলেমিশে যেকোনো খাবার খাওয়া/পানীয় পান করা যাবে না - নিজের খাবার নিজে নিয়ে আনবেন বা ক্যান্টিন থেকে কিনবেন।
- ✓ ম্যাচের বলটি কেবলমাত্র খেলোয়াড়গণেরই স্পর্শ করা উচিত
 - বলটি প্রতি ১০ ওভার পরপর এবং যেকোনো খেলোয়াড় বাদে অন্য কারও (দর্শক, আম্পায়ার ইত্যাদি) দ্বারা স্পর্শের পরে অ্যালকোহল-অ্যান্টিবায়োটেরিয়াল দিয়ে মুছতে হবে।

মন খোলা রাখুন

- ✓ পরিস্থিতি 'স্বাভাবিক' এর চাইতে কিছুটা ব্যতিক্রমী হবে, তাই মনকে খোলা রাখুন। ২০২০/২১ সালে, সচরাচর টেলিভিশনে দেখা ক্রিকেট থেকে ব্যতিক্রমী ক্রিকেট দেখবেন (পেশাদার খেলোয়াড়গণ প্রায়শই কোভিড-১৯ এর একটি 'পরিবৃত্তে' থাকে) এবং এটি স্বাভাবিকের চাইতে বেশি সময়/প্রচেষ্টার প্রয়োজন হতে পারে। এই অনুশীলনগুলি আপনাকে, আপনার বন্ধু /পরিবারবর্গ এবং সম্প্রদায়কে সুরক্ষিত রাখতে সহায়তা করবে।
- ✓ মনে রাখবেন: মহামারীতে ক্রিকেট খেলতে পারা এটি একটি বিশেষ সুযোগ - কোনো অধিকার নয়। আসুন। খেলুন। চলে যান।